গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.০০০০.০০৫.২৭.০৭৫.২৩ - ৬৯৯ তারিখঃ ০২/০৫/২০২৩খ্রি.

বিষয় : **অভিযোগ প্রতিকার সংক্রান্ত মাসিক প্রতিবেদন প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে যুব উন্নয়ন অধিদপ্তরের এপ্রিল ২০২৩ মাসের অভিযোগ প্রতিকার সংক্রান্ত মাসিক প্রতিবেদন এসংগে প্রেরণ করা হলো

সংযুক্তিঃ ০২(দুই) পাতা।

(মোঃ আজহারুল ইসলাম খান)
মহাপরিচালক (গ্রেড-১)
ফোনঃ ২২৩৩৮৯৩৮৯

সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

Do/অভিযোগ নিষ্পত্তি

অভিযোগ প্রতিকার ব্যবস্থার মাসিক প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: যুব উন্নয়ন অধিদপ্তর

মাসের নাম: এপ্রিল ২০২৩

| বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| পত্র/ দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| - | ০২ (দুই) | ০২ (দুই) | ০২ (দুই) | ০১। অভিযোগকারী: জনাব চিন্ময় দেব নাথ, মোবাইল নং- ০১৭৯৮৫৩১০১৭, যুব উন্নয়ন অধিদপ্তর থেকে ট্রেনিং এর মাধ্যমে কর্মসংস্থান ব্যাংক থেকে লোন সম্পর্কিত অভিযোগ করেন। (যুব ঋণ সংক্রান্ত)<br><br>সংশ্লিষ্ট অভিযোগকারী জনাব চিন্ময় দেব নাথ- এর সাথে টেলিফোন যোগে যোগাযোগ করা হয়েছে। (তাঁর মোবাইল নং- ০১৭৯৮৫৩১০১৭) তিনি জানিয়েছেন, তিনি কর্মসংস্থান ব্যাংক থেকে ঋণ গ্রহণ করতে ইচ্ছুক কিন্তু কোনো সহায়তা পাচ্ছেন না। এ প্রেক্ষিতে তাকে জানানো হয়েছে যে, যুব ঋণ সহায়তা পেতে হলে অন্যতম প্রধান শর্ত যুব প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। উপজেলা পর্যায়ে ০৭ থেকে ১৪ দিন মেয়াদি অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে স্থানীয় চাহিদার ভিত্তিতে যেকোনো বিষয়ের প্রশিক্ষণ কোর্স গ্রহণ করার সুযোগ রয়েছে। জেলা পর্যায়ে ০১ থেকে ০৬ মাস মেয়াদি প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স (আবাসিক/অনাবাসিক) গ্রহণের সুযোগ রয়েছে। যে কোনো প্রশিক্ষণ কোর্স গ্রহণ করার পর প্রশিক্ষিত যুবরা যুব উন্নয়ন অধিদপ্তর থেকে যুব ঋণ গ্রহণের আবেদন করতে পারেন। নির্ধারিত শর্তাবলীর আলোকে আবেদন যাচাই-বাছাই পূর্বক যুব ঋণ সহায়তা প্রদান করা হয়ে থাকে। একইভাবে কর্মসংস্থান ব্যাংক থেকে ঋণ পেতে হলেও যুব প্রশিক্ষণের সনদ আবেদনের সাথে দাখিল করতে হবে। এ বিষয়টিও তাকে জানানো হয়েছে। একই সাথে তাকে পরামর্শ দেওয়া হয়েছে জেলা/উপজেলা পর্যায়ে যুব উন্নয়ন অধিদপ্তরের স্থানীয় অফিসের সাথে যোগাযোগ করে তার কাঙ্ক্ষিত প্রশিক্ষণ গ্রহণ করার। অভিযোগটি নিষ্পত্তিযোগ্য। | - | |
| | | | | ০২। অভিযোগকারী: মোঃ মাঈনউদ্দিন হাওলাদার মহিন, মোবাইল নম্বর- ০১৮২৪৯২২৯০০, সঠিক পরিমান ভাতা না পাওয়ার বিষয়ে অভিযোগ করেন। (যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্পের প্রশিক্ষণ সংক্রান্ত)<br><br>অভিযোগের বিষয়ে সংশ্লিষ্ট উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, চট্টগ্রাম এর সঙ্গে কথা হয়েছে। তিনি জানিয়েছেন, ৬ষ্ঠ ব্যাচের টাকা প্রদানের তারিখ ছিল ২৮/০২/২০২৩ খ্রি.। তিনি আরো জানান, প্রশিক্ষণার্থীরা প্রশিক্ষণের ভাতা সঠিকরূপে গ্রহণ করেছেন। অভিযোগকারী জনাব মোঃ মাঈনউদ্দিন হাওলাদার মহিন এর মোবাইল নম্বর এ যোগাযোগ করা হলে তিনি জানান যে, দাখিলকৃত অভিযোগটি তিনি দাখিল করেননি। অন্য কেউ তার নাম ব্যবহার করে অভিযোগটি করে থাকতে পারে। অভিযোগটি মিথ্যা, কারণ তিনি যথাসময়ে ভাতা গ্রহণ করেছেন। তিনি লিখিত ভাবেও তা অবহিত করেছেন। অভিযোগটি নিষ্পত্তিযোগ্য। | | |

৩০.০৪.২০২৩

(মো: আতিকুর রহমান)
উপপরিচালক (প্রশাসন) ও
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা
ফোন : ২২৩৩৮৯৯৫২

অভিযোগ প্রতিকার ব্যবস্থা

**যুব উন্নয়ন অধিদপ্তর**
**অভিযোগ প্রতিকার-সংক্রান্ত মাসিক প্রতিবেদন**
**এপ্রিল, ২০২৩**

অভিযোগ প্রতিকারের সারসংক্ষেপ

| বিবেচ্য মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | | পূর্ববর্তী মাসের জের | মোট অভিযোগ | অন্য দপ্তরে প্রেরিত | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগ | চলমান অভিযোগ | | অভিযোগ নিষ্পত্তির হার (%) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ওয়েবসাইটের মাধ্যমে | প্রচলিত পদ্ধতিতে | স্বপ্রণোদিতভাবে গৃহীত | | | | | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়েছে | |
| (ক) | (খ) | (গ) | (ঘ) | (ঙ) | (চ) | (ছ) | (জ) | (ঝ) | (ঞ) |
| ১ | ০ | ১ | ১ | ৩ | ০ | ৩ | ০ | ০ | ১০০ |

আপিল নিষ্পত্তির সারসংক্ষেপ

| বিবেচ্য মাসে প্রাপ্ত আপিলের সংখ্যা | পূর্ববর্তী মাসের জের | মোট আপিল | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত আপিলের সংখ্যা | চলমান আপিলের সংখ্যা | | আপিল নিষ্পত্তির হার (%) |
|---|---|---|---|---|---|---|
| | | | | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়েছে | |
| (ক) | (খ) | (গ) | (ঘ) | (ঙ) | (চ) | (ছ) |
| ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |

০২.০৫.২০২৩
মোঃ আতিকুর রহমান
উপপরিচালক (প্রশাসন)